



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



২০২১-২০২২ অর্থবছরের ১.৪.১ ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. মহঃ শের আলী যুগ্মসচিব (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৬ আগস্ট ২০২১
সভার সময়	দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক।


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত অর্থবছরের (২০২০-২১) বাস্তবায়িত একটি উদ্ভাবনী ধারণা এবং একটি সেবা সহজিকরণ ও একটি অনলাইন সেবার বর্তমান অবস্থান ও কার্যকারিতা সম্পর্কে জানতে চান। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোছাম্মাৎ ফারহানা রহমান জানান যে, ২০২০-২১ অর্থবছরের একটি সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ গত ২৯-৩০ নভেম্বর ২০২০ সময়ে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ হতে ৫ (পাঁচ)টি সেবা সহজিকরণ আইডিয়া পাওয়া যায় (সংযোজনী-১)। গত ১০-১১ ফেব্রুয়ারি ২০২১ সময়ে উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণে ৫ (পাঁচ)টি উদ্ভাবনী আইডিয়া পাওয়া যায় (সংযোজনী-২)। গত ১৫ মার্চ ২০২১ তারিখে প্রথম উদ্ভাবনী কর্মশালায় ১২ (বারো)টি সেবা সহজিকরণ ও উদ্ভাবনী আইডিয়া উপস্থাপন করা হয় (সংযোজনী-৩)। গত ২৯ এপ্রিল ২০২১ তারিখে দ্বিতীয় উদ্ভাবনী কর্মশালায় ১৮ (আঠারো)টি সেবা সহজিকরণ ও উদ্ভাবনী আইডিয়া উপস্থাপন করা হয় (সংযোজনী-৪)। গত ৯ মে ২০২১ তারিখে শোকেসিং এ ২৩ (তেইশ)টি উদ্ভাবনী ও সেবা সহজিকরণ আইডিয়া উপস্থাপন করা হয় (সংযোজনী-৫)।

২। ২০২০-২১ অর্থবছরের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জন্য “এলপিজি প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রদান” সেবাটি বাস্তবায়ন করা হয়েছে। উদ্ভাবনী সেবা হিসেবে “ল্যান ভিত্তিক ফটোকপি করা” আইডিয়াটি বাস্তবায়ন করা হয়েছে এবং ডিজিটাল সেবা হিসেবে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের দৈনন্দিন কর্মসূচী অনলাইনের আওতায় আনা হয়েছে। উক্ত সেবা দুটি যথাযথভাবে তত্ত্বাবধায়ন করতে হবে।

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৩.১	এ বিভাগ কর্তৃক গৃহীত “অনলাইন ভিত্তিক সিনিয়র সচিব মহোদয়ের দৈনন্দিন কর্মসূচী” ডিজিটাল সেবাটি যথাযথভাবে তত্ত্বাবধায়ন করতে হবে;	প্রোগ্রামার
৩.২	এ বিভাগ কর্তৃক গৃহীত “ল্যান ভিত্তিক ফটোকপি করা” উদ্ভাবনী আইডিয়াটি তত্ত্বাবধায়ন করতে হবে।	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

০৪। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মহঃ শের আলী
যুগ্মসচিব (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১২৬

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮

০২ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোহাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব